

“টিপাইমুখ বাঁধ এবং আজকের বাংলাদেশ” শীর্ষক সেমিনার

সোহেল ইকবালঃ গত ১৮ই ডিসেম্বর সিডনীতে জিয়াউর রহমান ফাউন্ডেশন, অস্ট্রেলিয়া “টিপাইমুখ বাঁধ এবং আজকের বাংলাদেশ” শীর্ষক এক সেমিনারের আয়োজন করে। সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন লেঃ (অবঃ) মন্টি আহমেদ ফেরাজ। সেমিনারে টিপাইমুখ বাঁধ, তার আইনগত ভিত্তি, বাংলাদেশের উপর দীর্ঘমেয়াদী প্রভাব এবং প্রবাসী বাংলাদেশীদের করণীয় নিয়ে আলোচনা হয়। সেমিনারে



বাংলাদেশ থেকে টেলিকনফারেন্সের মাধ্যমে আলোচনায় অংশগ্রহণ করেন সাবেক জ্বালানী উপদেষ্টা আমার দেশ সংবাদপত্রের ভারপ্রাপ্ত সম্পাদক জনাব মাহমুদুর রহমান। সিডনির অন্যান্যদের মধ্যে আলোচনায় অংশগ্রহণ করেন ডঃ হুমায়ের রানা, বাংলাদেশ অস্ট্রেলিয়া ফ্রেন্ডশীপ ফোরামের জনাব



শিবলী আব্দুল্লাহ, বাংলাদেশ অস্ট্রেলিয়া ফ্রেন্ডশীপ ফোরামের প্রকৌশলী ইরতাজ চৌধুরী এবং জিয়াউর রহমান ফাউন্ডেশনের প্রকৌশলী সোহেল মাহমুদ ইকবাল, রফিকুল আবেদীন, ইলিয়াস কাঞ্চন, ও ইয়াছিন আরাফাত। সেমিনারে সভাপতিত্ব করেন জিয়াউর রহমান ফাউন্ডেশনের আহ্বায়ক জনাব ফারুক খান। সেমিনার সঞ্চালনায়

ছিলেন জনাব তাওহীদুল ইসলাম এবং সৈয়দ তানভীর আলম। সেমিনারে সিডনির রাজনীতিবিদ, পেশাজীবী সহ সমাজের গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।